IX. BANGLADESH APPLIED NUTRITION AND HUMAN RESOURCE DEVELOPMENT BOARD

বাংলাদেশ ফলিত পুষ্টি ও মানব সম্পদ উন্নয়ন বোর্ড

১। বাংলাদেশ ফলিত পুষ্টি ও মানব সম্পদ উন্নয়ন বোর্ড প্রতিষ্ঠা সংক্রান্ত রিজুলিউশন

কৃষি মন্ত্রণালয়

রিজুলিউশন

তারিখ, ৩০ ডিসেম্বর ২০০১

নং কৃষি-৪/বারটান-১/২০০০/৫৬৩—যেহেতু জনগণের পুষ্টির স্তর উন্নয়ন ও জনস্বাস্থ্যের উন্নতি সাধনকে রাষ্ট্রের অন্যতম প্রাথমিক কর্তব্য বলিয়া গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানে স্বীকৃত হইয়াছে;

এবং যেহেতু দেশে খাদ্য ও পুষ্টি সম্পর্কিত সচেতনতা বৃদ্ধির মাধ্যমে জনস্বাস্থ্য উন্নয়ন ও নিরাপত্তা নিশ্চিতকরণের লক্ষ্যে কৃষি সেক্টরে কৃষি ও খাদ্যভিত্তিক পুষ্টি কার্যক্রম বাস্তবায়ন করা সমীচীন ও প্রয়োজনীয়;

সেহেতু সরকার এতদ্বারা নিম্নরূপ রিজুলিউশন গ্রহণ করিলঃ

১। বাংলাদেশ ফলিত পুষ্টি ও মানব সম্পদ উন্নয়ন বোর্ড প্রতিষ্ঠা।—সরকার, বাংলাদেশ ফলিত পুষ্টি ও মানব সম্পদ উন্নয়ন বোর্ড, অতঃপর বোর্ড বলিয়া উল্লিখিত, নামে একটি বোর্ড গঠন করিবে।

২। বোর্ড গঠন।—(১) বোর্ড নিম্নবর্ণিত সদস্য সমন্বয়ে গঠিত হইবে, যথা ঃ—

(ক) কৃষি মন্ত্রণালয়ের দায়িত্বে নিয়োজিত মাননীয় মন্ত্রী, যিনি উহার চেয়ারম্যানও হইবেন;

(খ) সচিব, কৃষি মন্ত্রণালয়, যিনি উহার ভাইস-চেয়ারম্যানও হইবেন;

(গ) সদস্য (কৃষি), পরিকল্পনা কমিশন, পদাধিকারবলে;

(ঘ) সংস্থাপন মন্ত্রণালয় কর্তৃক মনোনীত উক্ত মন্ত্রণালয়ের যুগ্ম-সচিবের নিম্নে নহে এইরূপ একজন প্রতিনিধি;

(ঙ) খাদ্য মন্ত্রণালয় কর্তৃক মনোনীত উক্ত মন্ত্রণালয়ের যুগ্ম-সচিবের নিম্নে নহে এইরূপ একজন প্রতিনিধি;

(চ) অর্থ মন্ত্রণালয় কর্তৃক মনোনীত অর্থ বিভাগের যুগ্ম-সচিবের নিম্নে নহে এইরূপ একজন প্রতিনিধি;

(ছ) মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক মনোনীত উক্ত মন্ত্রণালয়ের যুগ্ম-সচিবের নিম্নে নহে এইরূপ একজন প্রতিনিধি;

(জ) নির্বাহী চেয়ারম্যান, বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিল, পদাধিকারবলে;

(ঝ) মহাপরিচালক, কৃষি গবেষণা ইনস্টিটিউট, পদাধিকারবলে;

(ঞ) মহাপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, পদাধিকারবলে;

(ট) মহাপরিচালক, মৎস্য অধিদপ্তর, পদাধিকারবলে;

(ঠ) পরিচালক, খাদ্য ও পুষ্টি বিজ্ঞান ইনস্টিটিউট, পদাধিকারবলে;

(ড) সচিব, জাতীয় পুষ্টি পরিষদ, পদাধিকারবলে;

(ঢ) সরকার কর্তৃক মনোনীত দুইজন পুষ্টি বিজ্ঞানী;

(ণ) সরকার কর্তৃক মনোনীত পুষ্টি বিজ্ঞান ও মানব সম্পদ উন্নয়ন সম্পর্কিত কাজে সংশ্লিষ্ট এন,জি,ও এর একজন প্রতিনিধি; এবং

(ত) বোর্ডের নির্বাহী পরিচালক, যিনি উহার সচিবও হইবেন।

(২) উপ-অনুচ্ছেদ-২ এর দফা (ঢ) ও (ণ) এর অধীন মনোনীত সদস্যগণ তাহাদের মনোনয়নের তারিখ হইতে দুই বৎসর মেয়াদে স্বীয় পদে বহাল থাকিবেন ঃ

তবে শর্ত থাকে যে, সরকার উক্ত মেয়াদ শেষ হইবার পূর্বেই কোন কারণ দর্শানো ব্যতিরেকে উক্তরূপ কোন সদস্যকে উহার পদ হইতে অপসারণ করিতে পারিবে ঃ

আরো শর্ত থাকে যে, উক্তরূপ কোন সদস্য সরকারের উদ্দেশ্যে স্বাক্ষরযুক্ত পত্রযোগে স্বীয় পদ ত্যাগ করিতে পারিবেন।

৩। **বোর্ডের প্রধান কার্যালয়।**—বোর্ডের প্রধান কার্যালয় ঢাকায় অবস্থিত হইবে।

৪। **বোর্ডের কার্যাবলী।**—বোর্ডের কার্যাবলী হইবে নিম্নরূপ, যথা ঃ—

(ক) ফলিত পুষ্টি বিষয়ে প্রশিক্ষণ, সেমিনার, সিম্পোজিয়াম এবং কর্মশালার আয়োজন করা;

(খ) কৃষি মেলার আয়োজন এবং বিশ্বখাদ্য দিবস ও পুষ্টি সপ্তাহ উদযাপন;

(গ) বিভিন্ন গণমাধ্যমের মাধ্যমে রোগীর পথ্য রন্ধন ও সংরক্ষণ এবং সুষম খাদ্য, পুষ্টি সম্পন্ন খাদ্য, শিশুর বাড়তি খাদ্য ইত্যাদি সম্পর্কে দেশের জনসাধারণকে উদ্বুদ্ধকরণ;

(ঘ) খাদ্য ও পুষ্টি সংক্রান্ত নীতি বাস্তবায়নে বিভিন্ন প্রতিষ্ঠানকে সহায়তাদান এবং উক্তরূপ নীতির অধীন প্রকল্প বাস্তবায়ন;

(ঙ) সরকারের পূর্বানুমোদনক্রমে, আন্তর্জাতিক সংস্থার সহিত যৌথ উদ্যোগে ফলিত পুষ্টি ও মানব সম্পদ উন্নয়ন সংক্রান্ত কারিগরী সহায়তা প্রকল্প বাস্তবায়ন;

(চ) ন্যাশনাল ফুড ব্যালান্স সীট প্রণয়ন; এবং

(চ) নিউট্রিশন ম্যাপিং বিষয়ক কার্যক্রম বাস্তবায়ন।

৫। **বোর্ডের সভা।**—(১) বোর্ড প্রতি ছয় মাসে একবার সভায় মিলিত হইবে ঃ

তবে শর্ত থাকে যে, চেয়ারম্যান জরুরী প্রয়োজনে যে কোন সময় সভা আহ্বান করিতে পারিবে।

(২) সভার তারিখ, সময় ও স্থান চেয়ারম্যান কর্তৃক স্থিরীকৃত হইবে এবং সচিবের স্বাক্ষরে সভা অনুষ্ঠানের তারিখ, সময়, স্থান ও আলোচ্য বিষয়সূচী উল্লেখ করিয়া সংশ্লিষ্ট সকল সদস্যকে নোটিশ প্রদান করিতে হইবে।

(৩) চেয়ারম্যান বোর্ডের সকল সভায় সভাপতিত্ব করিবেন এবং তাঁহার অনুপস্থিতিতে বোর্ডের ভাইস-চেয়ারম্যান এবং উভয়ের অনুপস্থিতিতে সভায় উপস্থিত সদস্যগণ কর্তৃক নির্বাচিত কোন সদস্য সভায় সভাপতিত্ব করিবেন।

(৪) বোর্ডের মোট সদস্যের এক-তৃতীয়াংশের উপস্থিতিতে উহার কোরাম গঠিত হইবে।

(৫) বোর্ডের সভায় উপস্থিত প্রত্যেক সদস্যের একটি করিয়া ভোট থাকিবে এবং ভোটের সমতার ক্ষেত্রে সভায় সভাপতিত্বকারী সদস্যের দ্বিতীয় বা নির্ণায়ক ভোট প্রদানের ক্ষমতা থাকিবে।

(৬) বোর্ড উহার সভায় পুষ্টি বিষয়ে অবদান রাখিতে পারে এমন কোন ব্যক্তিকে আমন্ত্রণ করিতে পারিবে এবং উক্ত ব্যক্তি সভার আলোচনায় অংশ গ্রহণ করিতে পারিবেন, তবে তাহার কোন ভোটাধিকার থাকিবে না।

৬। **নির্বাহী পরিচালক।**—(১) বোর্ডের একজন নির্বাহী পরিচালক থাকিবেন এবং তিনি সরকার কর্তৃক নিযুক্ত হইবেন।

(২) নির্বাহী পরিচালক বোর্ডের প্রধান নির্বাহী কর্মকর্তা হইবেন এবং তিনি বোর্ডের সিদ্ধান্ত বাস্তবায়নের জন্য বোর্ডের নিকট দায়ী থাকিবেন।

৭। **প্রকল্প অনুমোদন ও বাস্তবায়ন।**—এই রিজুলিউশনের উদ্দেশ্য পূরণকল্পে, বোর্ড, উহার অনুকূলে সরকার কর্তৃক প্রদত্ত আর্থিক বরাদ্দের অধীন গৃহীত প্রকল্প অনুমোদন ও বাস্তবায়ন করিতে পারিবে।

৮। **বোর্ডের তহবিল।**—(১) বোর্ডের একটি তহবিল থাকিবে এবং উহাতে নিম্নলিখিত অর্থ জমা হইবে, যথা ঃ—

(ক) সরকার কর্তৃক প্রদত্ত অর্থ;

(খ) সরকারের পূর্বানুমোদনক্রমে কোন বিদেশী সরকার বা আন্তর্জাতিক সংস্থা হইতে প্রাপ্ত অনুদান; এবং

(গ) বোর্ড কর্তৃক অন্য যে কোন উৎস হইতে প্রাপ্ত অর্থ।

(২) উপ-অনুচ্ছেদ (১) এ উল্লিখিত তহবিল বোর্ডের অনুমোদনক্রমে কোন তফসিলি ব্যাংকে জমা রাখা হইবে এবং বোর্ডের চেয়ারম্যান ও সচিবের যৌথ স্বাক্ষরে এই তহবিলের অর্থ উত্তোলন করা যাইবে।

(৩) উক্ত তহবিল হইতে বোর্ডের প্রয়োজনীয় ব্যয় নির্বাহ করা হইবে।

৯। **বাজেট।**—বোর্ড প্রতি বৎসর সরকার কর্তৃক নির্ধারিত সময়ের মধ্যে পরবর্তী অর্থ বৎসরের বার্ষিক বাজেট বিবরণী সরকারের নিকট পেশ করিবে।

১০। **হিসাব ও নিরীক্ষা।**—(১) বোর্ড উহার আয়-ব্যয়ের হিসাব যথাযথভাবে সংরক্ষণ করিবে।

(২) বাংলাদেশের মহা-হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক প্রতি বৎসর বোর্ডের হিসাব নিরীক্ষা করিবেন এবং নিরীক্ষা রিপোর্টের একটি করিয়া অনুলিপি সরকার ও বোর্ডের নিকট প্রেরণ করিবেন।

১১। **প্রতিবেদন।**—(১) প্রতি অর্থ বৎসর শেষ হইবার সংগে সংগে বোর্ড উক্ত বৎসরে সম্পাদিত কার্যাবলীর বিবরণী সম্বলিত একটি বার্ষিক প্রতিবেদন সরকারের নিকট প্রেরণ করিবে।

(২) সরকার প্রয়োজনবোধে বোর্ডের নিকট হইতে যে কোন সময় উহার যে কোন বিষয়ের উপর প্রতিবেদন বা বিবরণী আহ্বান করিতে পারিবে এবং বোর্ড উহা সরকারের নিকট প্রেরণ করিতে বাধ্য থাকিবে।

১২। **কর্মকর্তা ও কর্মচারী নিয়োগ।**—বোর্ড উহার কার্যাবলী সম্পাদনের উদ্দেশ্যে প্রয়োজনীয় সংখ্যক কর্মকর্তা ও কর্মচারী নিয়োগ করিতে পারিবে এবং তাহাদের নিয়োগের শর্তাবলী প্রবিধান দ্বারা নির্ধারিত হইবে।

১৩। **প্রবিধান প্রণয়নের ক্ষমতা।**—এই রিজুলিউশন এর উদ্দেশ্য পূরণকল্পে বোর্ড, সরকারের পূর্বানুমোদনক্রমে এবং সরকারি গেজেটে প্রজ্ঞাপন দ্বারা, প্রবিধান প্রণয়ন করিতে পারিবে।

১৪। **রহিতকরণ ও হেফাজত।**—(১) বোর্ড প্রতিষ্ঠার সংগে সংগে কৃষি মন্ত্রণালয়ের অধীন বাংলাদেশ ফলিত পুষ্টি গবেষণা ও প্রশিক্ষণ ইনস্টিটিউট (বারটান) শীর্ষক উন্নয়ন প্রকল্প বিলুপ্ত হইবে।

(২) বিলুপ্ত বারটানের সকল স্থাবর ও অস্থাবর সম্পদ, নগদ এবং ব্যাংকের গচ্ছিত অর্থ যদি থাকে, এই রিজুলিউশন এর অধীন গঠিত বোর্ডের সম্পদ ও অর্থ হইবে।

(৩) বিলুপ্ত বারটানের সকল ঋণ, দায় ও দায়িত্ব যথাক্রমে বোর্ডের ঋণ, দায় ও দায়িত্ব বলিয়া গণ্য হইবে।

(৪) বিলুপ্ত বারটানের সকল কর্মকর্তা ও কর্মচারী এই রিজুলিউশন এর অধীন গঠিত বোর্ডের কর্মকর্তা ও কর্মচারী হইবেন এবং এই রিজুলিউশন প্রবর্তনের পূর্বে তাহারা যে শর্তাধীনে চাকুরীতে ছিলেন এতদুদ্দেশ্যে প্রবিধানমালা প্রণয়ন না হওয়া পর্যন্ত তাহারা একই শর্তে নিয়োজিত থাকিবেন।

রাষ্ট্রপতির আদেশক্রমে

আইয়ুব কাদরী

সচিব।

বাঃসঃমুৎ-২০১১/১২-৩০০৮কম (ডি)—৬০০ বই, ২০১১।